

বাংলাদেশ ইনস্টিটিউট অব অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন

৬৩ নিউ ইস্কাটন, ঢাকা-১২১৭

সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে পরিবীক্ষণ কমিটির ২৯.০৫.২০২৩ তারিখে অনুষ্ঠিত

সভার কার্যবিবরণী

সভাপতি	:	মুহম্মদ হিরুজ্জামান এনডিসি, পরিচালক (শিক্ষা), বিয়াম ফাউন্ডেশন, ঢাকা
সভার স্থান/মাধ্যম	:	সভাপতির অফিস কক্ষ (কক্ষ নং-২০৩), বিয়াম ফাউন্ডেশন, ঢাকা
সভার তারিখ ও সময়	:	২৯ মে ২০২৩খ্রি, বিকাল: ০৩:০০ ঘটিকা
সভায় উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক' তালিকা

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সকল সদস্যবৃন্দের সাথে কুশল বিনিময় করে সভায় উপস্থিত থাকার জন্য ধন্যবাদ ও শুভেচ্ছা জানান। সভাপতি এ পর্যায়ে উপপরিচালক (প্রশিক্ষণ, মূল্যায়ন ও গবেষণা), বিয়াম ফাউন্ডেশন ও এ কমিটির সদস্যকে সভার কার্যক্রম পরিচালনার জন্য আহ্বান জানালে তিনি বিষয়ভিত্তিক উপস্থাপন করেন।

০২। উপপরিচালক (প্রশিক্ষণ, মূল্যায়ন ও গবেষণা), বিয়াম ফাউন্ডেশন বক্তব্যের শুরুতে জাতির পিতার প্রতি বিনম্র শ্রদ্ধা, জাতীয় চার নেতা এবং ভাষা আন্দোলন ও মুক্তিযুদ্ধে ত্যাগস্বীকারকারী সবাইকে সশ্রদ্ধচিত্তে স্মরণ করেন। উপপরিচালক (প্রশিক্ষণ, মূল্যায়ন ও গবেষণা), কমিটির সভাপতিসহ সম্মানিত সকল সদস্যকে সময় দেয়ার জন্য ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। তিনি সভাকে অবহিত করেন যে, ০২টি বিষয়ে সদয় সিদ্ধান্তের জন্য অধ্যকার সভা আহ্বান করা হয়েছে। (ক) বাংলাদেশ ইনস্টিটিউট অব অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশনের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে পরিবীক্ষণ কমিটি হালনাগাদকরণ (খ) বাংলাদেশ ইনস্টিটিউট অব অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশনের সুশাসন কার্যক্রম ব্যবস্থাপনা সিস্টেমের আওতাধীন ব্যবহারকারী তৈরি এবং ২০২৩-২৪ অর্থবছরের শুদ্ধাচার কৌশল সংক্রান্ত খসড়া কর্মপরিকল্পনা দাখিলের নিমিত্ত কর্মকর্তার নাম ও মোবাইল নম্বর সিটিজেন চার্টারে সংযুক্ত ও হালনাগাদকরণ।

০৩। উল্লেখিত ০২টি বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং কার্যক্রমসমূহ বাস্তবায়নের লক্ষ্যে সকল সদস্যবৃন্দ একমত প্রষণ করেন।


০৪। সিদ্ধান্ত :

(ক) বাংলাদেশ ইনস্টিটিউট অব অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশনের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে পরিবীক্ষণ কমিটি হালনাগাদকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) বাংলাদেশ ইনস্টিটিউট অব অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশনের সুশাসন কার্যক্রম ব্যবস্থাপনা সিস্টেমের আওতাধীন ব্যবহারকারী তৈরি এবং ২০২৩-২৪ অর্থবছরের শুদ্ধাচার

কৌশল সংক্রান্ত খসড়া কর্মপরিকল্পনা দাখিলের নিমিত্ত কর্মকর্তার নাম ও মোবাইল নম্বর সিটিজেন চার্টারে সংযুক্ত ও হালনাগাদকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৫। পরিশেষে, আর কোনো আলোচ্য-বিষয় না থাকায় সভায় উপস্থিত/অংশগ্রহণকারীগণ সকলে পরস্পরের সুস্বাস্থ্য কামনা করেন এবং সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।




(মুহম্মদ হিরুজ্জামান এনডিসি)
পরিচালক (শিক্ষা)
বিয়াম ফাউন্ডেশন, ঢাকা
ও
আহ্বায়ক, পরিবীক্ষণ কমিটি

স্মারক নং-০৫.০৫.০০০০.০০৪.০৫.০২৪.২২. ১৭৬৪/১ (৬)

তারিখঃ ৩০.০৫.২০২৩ খ্রি.

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. পরিচালক (সকল), বিয়াম ফাউন্ডেশন, ঢাকা।
২. পরিচালক, বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, বগুড়া/কক্সবাজার।
৩. উপপরিচালক (সকল), বিয়াম ফাউন্ডেশন, ঢাকা।
৪. সহকারী পরিচালক (সকল), বিয়াম ফাউন্ডেশন, ঢাকা।
৫. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, বিয়াম ফাউন্ডেশন (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬. অফিস কপি।



(মুহম্মদ হিরুজ্জামান এনডিসি)
পরিচালক (শিক্ষা)
বিয়াম ফাউন্ডেশন, ঢাকা
ও
আহ্বায়ক, পরিবীক্ষণ কমিটি